

[সর্বশেষ](#) [রাজনীতি](#) [বাংলাদেশ](#) [অপরাধ](#) [বিশ্ব](#) [বাণিজ্য](#) [মতামত](#) [খেলা](#) [বিনোদন](#) [চাকরি](#) [জীবনয](#) [Eng](#) [≡](#)[ভিডিও](#)[ছবি](#)[ছবি](#)

পরীক্ষা

বেসরকারি ডেন্টাল কলেজে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা প্রকাশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা



২০২৩-২৪ শিক্ষাবর্ষে বেসরকারি ডেন্টাল কলেজ ও বেসরকারি মেডিকেল কলেজে বিডিএস কোর্সে ভর্তি-ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে আবেদনের পরিপ্রেক্ষিতে মেধা ও পছন্দের ভিত্তিতে কলেজ নির্বাচন করে তালিকা প্রকাশিত হয়েছে। গত সোমবার (৮ জুলাই) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ইতিমধ্যে প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিশ্চায়ন করার জন্য টেলিটক বাংলাদেশ লিমিটেড থেকে এসএমএস দেওয়া হচ্ছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, নিশ্চায়নের শেষ তারিখ ১২ জুলাই। বিষয়টি সংশ্লিষ্ট সবার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হলো। নিশ্চায়ন শেষে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে ১৬ জুলাই। এরপর ১৭ জুলাই ভর্তি শুরু হয়ে শেষ হবে ২৫ জুলাই।

নির্বাচিত ভর্তি-ইচ্ছুকদের তালিকা দেখতে [এখানে ক্লিক](#) করুন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো